

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
www.comc.edu.bd


স্মারক নং-কুমেক/২০২৪/- ২২৫২

তারিখ : ২৬ জুন, ২০২৪ খ্রিঃ।

বিষয় :- ৫ম বর্ষের (কুম-২৯) সকল ছাত্র-ছাত্রী অনুমতি ব্যতীত ক্লাশে অনুপস্থিত থাকা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে কুমিল্লা মেডিকেল কলেজের ৫ম বর্ষের সকল ছাত্র-ছাত্রীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র কার্যালয়ের স্মারক নং-কুমেক/২০২৪/১১১১, তারিখ-১৩/০৬/২০২৪ খ্রিঃ মোতাবেক পবিত্র ঈদ উল আযহা উপলক্ষ্যে গত ১৫/০৬/২০২৪ খ্রিঃ তারিখ হতে ২২/০৬/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত সকল ক্লাশ বন্ধের নোটিশ জারি সহ ২৩/০৬/২০২৪ খ্রিঃ তারিখ হতে একাডেমিক কার্যক্রম/ ক্লাশ শুরু করার নির্দেশনা দেওয়া হয়। কিন্তু ২৩/০৬/২০২৪ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি উক্ত বর্ষের ছাত্র-ছাত্রীগণ ক্লাশে অনুপস্থিত ছিলেন। যথাসময়ে ক্লাশে উপস্থিত না থাকার কারণে এ বিষয়ে ২৬/০৬/২০২৪ খ্রিঃ তারিখ অত্র কলেজের একাডেমিক কাউন্সিলের সভায় অসন্তোষ এবং ক্ষোভ প্রকাশ করা হয় এবং তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, ৫ম বর্ষের ছাত্র-ছাত্রীদেরকে ক্লাশে অনুপস্থিতির কারণ ব্যাখ্যা সহ আগামী ২৯/০৬/২০২৪ খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে একজন প্রকৃত অভিভাবক/প্রতিনিধিসহ নিম্নস্বাক্ষরকারীর সাথে সাক্ষাত করার জন্য নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।


২৬/০৬/২৪


অধ্যাপক ডাঃ মোহাম্মদ ইজাজুল হক
অধ্যক্ষ
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
ফোনঃ ০২৩৩৪৪০৫৫৬২
e-mail: comc@ac.dghs.gov.bd

স্মারক নং-কুমেক/২০২৪/- ২২৫২ (২৮০)

তারিখ : ২৬ জুন, ২০২৪ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

- ০১। উপাধ্যক্ষ, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
- ০২। বিভাগীয় প্রধান (সকল), বিভাগ, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
- ০৩। ফেইজ কো-অর্ডিনেটর, ৪, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
- ০৪। হোস্টেল তত্ত্বাবধায়ক, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
- ০৫। ৫ম বর্ষের সকল ছাত্র-ছাত্রী, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
- ০৬। ছাত্র শাখা, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
- ০৭।
- ০৮। নোটিশ বোর্ড (সকল), ছাত্রাবাস/ছাত্রীনিবাস, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
- ০৯। অফিস কপি।


২৬/০৬/২৪

অধ্যাপক ডাঃ মোহাম্মদ ইজাজুল হক
অধ্যক্ষ
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।